


সমকাল

প্রকৌশলে গুচ্ছ পদ্ধতির ভর্তি পরীক্ষার আবেদন শুরু

প্রকাশ: ২৪ এপ্রিল ২১ | ২২:৫৫ | আপডেট: ২৪ এপ্রিল ২১ | ২২:৫৬

সমকাল প্রতিবেদক



ফাইল ছবি

দেশের তিন সরকারি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার আবেদন শুরু হয়েছে। শনিবার সকাল ৯টায় থেকে অনলাইনে এ কার্যক্রম শুরু হয়েছে। ভর্তির ওয়েবসাইটে (www.admissionckruet.ac.bd) গিয়ে আগামী ৮ মে বিকেল ৫টা পর্যন্ত আবেদন করতে পারবেন ভর্তিচ্ছুরা।

আবেদনকারীদের 'ক' গ্রুপে ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং নগর উন্নয়ন ও পরিকল্পনা বিভাগে ৯০০ টাকা ফি দিয়ে প্রাথমিক আবেদন করতে হবে। আর 'খ' গ্রুপে ইঞ্জিনিয়ারিং বিভাগ, নগর উন্নয়ন ও পরিকল্পনা এবং স্থাপত্য বিভাগের এক হাজার টাকা ফি দিয়ে আবেদন করতে হবে। ২ জুন ভর্তি পরীক্ষায় যোগ্য প্রার্থীদের নামসহ কেন্দ্রের তালিকা প্রকাশ করা হবে।

তিন বিশ্ববিদ্যালয়ে ২০২০-২১ শিক্ষাবর্ষের গুচ্ছ ভর্তি পরীক্ষা আগামী ১২ জুন একযোগে অনুষ্ঠিত হবে। এরপর ৩০ জুন ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হবে বলে কেন্দ্রীয় ভর্তি কমিটি সূত্রে জানা গেছে।

ভর্তি বিজ্ঞপ্তির তথ্যমতে, এবার তিন বিশ্ববিদ্যালয়ে সব মিলিয়ে তিন হাজার ২০১ শিক্ষার্থী ভর্তি করা হবে। এবার চুয়েটে সংরক্ষিত ১১টি আসনসহ মোট ৯০১টি, কুয়েটে সংরক্ষিত পাঁচটি আসনসহ এক হাজার ৬৫ এবং রুয়েটে সংরক্ষিত পাঁচটিসহ এক হাজার ২৩৫টি আসন রয়েছে।

© সমকাল ২০০৫ - ২০২২

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com